# মূল বইয়ের অতিরিক্ত অংশ

# প্রথম অধ্যায়: ইতিহাস পরিচিতি

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** সুজানা বাংলার সুলতানি আমলের কয়েকজন বাদশাহের ইতিহাস পাঠ করে। সুলতানি আমলের রাজা-বাদশাহদের শাসন ব্যবস্থা তার ভালো লাগে। আবার কিছু কিছু বাদশাহের শাসনব্যবস্থা তার কাছে বেশ দুর্বল বলে মনে হয়। ◀ *শিখনফল-২*

ক. 'ইতিহাস হলো বর্তমান ও অতীতের মধ্যে এক অন্তহীন সংলাপ'— উক্তিটি কার? ১

খ. ইতিহাসের অলিখিত উপাদান বলতে কী বোঝায়? ২

গ. সুজানার পড়া ইতিহাস কোন প্রকারের ইতিহাস? নিরূপণ করো। ৩

ঘ. সুজানার পাঠিত বিষয়বস্তুতে ইতিহাসের সম্পূর্ণ অংশ প্রকাশ পায়নি— কথাটি বিশ্লেষণ করো। ৪

**১নং প্রশ্নের উত্তর**

**ক** 'ইতিহাস হলো বর্তমান ও অতীতের মধ্যে এক অন্তহীন সংলাপ'— উক্তিটি ইতিহাসবিদ ই. এইচ. কার-এর।

**খ** ইতিহাসের যেসব উপাদান কোথাও লিপিবদ্ধ নেই বরং সেই সময়ের প্রত্নতাত্ত্বিক নিদর্শনে দৃশ্যমান, সেসব উপাদানকে অলিখিত উপাদান বলা হয়।

আমরা যেসব বস্তু বা উপাদান থেকে কোনো সময়, স্থান বা ব্যক্তি সম্পর্কে জানতে পারি সেসব বস্তু বা উপাদানই প্রত্নতাত্ত্বিক নিদর্শন। প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ মূলত ইতিহাসের অলিখিত উপাদানভুক্ত। যেমন- শিলালিপি, মুদ্রা, তাম্রলিপি, স্তম্ভলিপি, ইমারত ইত্যাদি।

**গ** সুজানার পড়া ইতিহাস হচ্ছে বিষয়বস্তুগত ইতিহাস।

মানব সভ্যতার উন্নতির সাথে সাথে ইতিহাস পাল্টে যাচ্ছে। নতুন ইতিহাস সৃষ্টির ফলে সম্প্রসারিত হচ্ছে ইতিহাসের পরিসর। পঠন-পাঠন, আলোচনা ও সার্বিক দিক বিবেচনায় ইতিহাসকে দুভাগে ভাগ করা যায়। যথা- ভৌগোলিক অবস্থানগত ও বিষয়বস্তুগত ইতিহাস। যে ইতিহাসের মাধ্যমে কোনো ঐতিহাসিক ঘটনার অবস্থানগত প্রেক্ষাপট জানা যায় তাকে ভৌগোলিক অবস্থানগত ইতিহাস বলে। অন্যদিকে, কোনো বিশেষ বিষয়ের ওপর ভিত্তি করে যে ইতিহাস রচিত হয় তাকে বিষয়বস্তুগত ইতিহাস বলা হয়।

উদ্দীপকের সুজানা বাংলার সুলতানি আমলের কয়েকজন বাদশাহের ইতিহাস পাঠ করে। সুলতানি আমলের রাজা-বাদশাহদের শাসনব্যবস্থা তার ভালো লাগে। আবার কোনো কোনো বাদশাহের শাসনব্যবস্থা খুবই দুর্বল ছিল বলে সে মনে করে। যেহেতু এসব ইতিহাস সুলতানি আমলের ওপর লেখা তাই এখানে সুলতানি আমল হলো ইতিহাসের বিষয়ের আওতাভুক্ত। যা মূলত বিষয়বস্তুগত ইতিহাসের অন্তর্ভুক্ত।

**ঘ** সুজানার পাঠের বিষয়বস্তুতে ইতিহাসের সম্পূর্ণ অংশ প্রকাশ পায়নি— উক্তিটি সম্পূর্ণরূপে সঠিক।

উদ্দীপকে আমরা দেখতে পাই যে, সুজানা সুলতানি আমলের কয়েকজন বাদশাহের ইতিহাস পাঠ করে। তার পঠিত ইতিহাসে সুলতানি আমলের রাজা-বাদশাহের শুধু শাসনব্যবস্থার উল্লেখ রয়েছে। এছাড়া সুলতানি আমলের আর কোনো বিষয় নিয়ে সেখানে আলোচনা করা হয়নি, যে কারণে সুজানার পাঠের বিষয়বস্তুতে ইতিহাসের সম্পূর্ণ অংশের প্রতিফলন ঘটেনি। কেননা আমরা জানি, মানুষের গুরুত্বপূর্ণ অর্জন, যা মানব সমাজ ও সভ্যতার উন্নতি ও অগ্রগতিতে অবদান রাখতে সক্ষম হয়েছে তার সবই ইতিহাসভুক্ত বিষয়। যেমন— শিল্প, সাহিত্য-সংস্কৃতি, দর্শন, স্থাপত্য, রাজনীতি, যুদ্ধ, ধর্ম, আইন প্রভৃতি বিষয় ইতিহাসের বিষয়বস্তুর অন্তর্ভুক্ত। অর্থাৎ সামগ্রিকভাবে যা কিছু সমাজ-সভ্যতা বিকাশকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবিত করেছে তার সবই ইতিহাসের বিষয়বস্তু। যেহেতু উদ্দীপকের সুজানার পাঠের বিষয়বস্তুতে সুলতানি আমলের শাসনব্যবস্থা ছাড়া অন্য কোনো বিষয়ের উল্লেখ নেই সেহেতু তার পাঠের বিষয়ে ইতিহাসের বিষয়বস্তুর সম্পূর্ণ অংশের প্রকাশ ঘটেনি।

**প্রশ্ন ▶২** ইশা তার মামার সাথে জাদুঘর দেখতে গেল। সেখানে সে পুরাতন বইয়ের পাতা, মাটির পুতুল, আগের দিনের টাকা-পয়সা দেখতে পেল। ◀ *শিখনফল-২*

ক. টয়েনবির মতে ইতিহাস কী? ১

খ. বিষয়বস্তুগত ইতিহাস বলতে কী বোঝায়? ২

গ. ইশার দেখা জিনিসগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জিনিসপত্রগুলো ইতিহাসকে সমৃদ্ধ করে— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**২নং প্রশ্নের উত্তর**

**ক** ব্রিটিশ ইতিহাসবিদ আর্নল্ড টয়েনবির মতে, "সমাজের জীবনই ইতিহাস।"

**খ** কোনো বিশেষ বিষয়ের ওপর ভিত্তি করে যে ইতিহাস রচিত হয় তাকে বিষয়বস্তুগত ইতিহাস বলে।

ইতিহাসের মূল বিষয় হচ্ছে মানুষ। আর মানুষ ও তার সমাজ, সভ্যতার পরিবর্তন, প্রসার এর লিখিত দলিল হলো ইতিহাসের বিষয়বস্তু। ইতিহাস এর বিষয়বস্তু বা বিষয়বস্তুগত ইতিহাস একই অর্থে ব্যবহৃত হয়। এ সম্পর্কে ইতালিয়ান ইতিহাসবিদ গিয়ামবাতিস্তা ভিকো (Vico) মনে করেন যে, মানব সমাজ ও মানবীয় প্রতিষ্ঠানসমূহের উৎপত্তি ও বিকাশই হচ্ছে ইতিহাসের বিষয়বস্তু।

**গ** উদ্দীপকে উল্লিখিত ইশা জাদুঘরে ইতিহাসের লিখিত এবং অলিখিত উভয় উপাদানই দেখতে পায়।

আমরা জানি, ইতিহাসের উপাদান দুই ভাগে বিভক্ত। যথা- লিখিত ও অলিখিত উপাদান। সাহিত্য, বৈদেশিক পর্যটকদের বিবরণ, দলিলপত্র ইত্যাদি ইতিহাসের লিখিত উপাদান। আর মুদ্রা, শিলালিপি, স্তম্ভলিপি, তাম্রলিপি, ইমারত, ভাস্কর্য, স্থাপনা প্রভৃতি হচ্ছে ইতিহাসের অলিখিত উপাদান।

উদ্দীপকে দেখা যায়, ইশা জাদুঘরে যেয়ে পুরাতন বইয়ের পাতা দেখে, যা কিনা ইতিহাসের লিখিত উপাদানকে নির্দেশ করে। আবার সে জাদুঘরে মাটির পুতুল এবং আগের দিনের টাকা-পয়সা দেখে, যা ভাস্কর্য ও মুদ্রার প্রতি ইঙ্গিত দেয়। আর ভাস্কর্য ও মুদ্রা হচ্ছে ইতিহাসের অলিখিত উপাদান। সুতরাং বলা যায় যে, ইশা জাতীয় জাদুঘরে লিখিত এবং অলিখিত উভয়ই উপাদানই দেখতে পায়।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত জিনিসপত্রগুলো ইতিহাসের লিখিত ও অলিখিত উপাদানকে নির্দেশ করে, যা ইতিহাসকে সমৃদ্ধ করে তোলে।

ইতিহাসের লিখিত ও অলিখিত উপাদান-এর মাধ্যমে ইতিহাস সম্পর্কে পরিপূর্ণ ধারণা লাভ করা সম্ভব। শুধুমাত্র লিখিত উপাদান দিয়ে যেমন ইতিহাস-এর পূর্ণতা সম্ভব নয়, তেমনি আবার শুধুমাত্র প্রত্নতাত্ত্বিক নিদর্শন বা অলিখিত উপাদান মানবজীবনের অগ্রগতি সম্পর্কে সম্পূর্ণ তথ্য দিতে পারে না। সেজন্য ইতিহাস রচনার ক্ষেত্রে ইতিহাসের লিখিত এবং অলিখিত উভয় উপাদান-এর ওপরই নির্ভর করতে হয়। যেমন উদ্দীপকে উল্লিখিত ইশা জাদুঘরে পুরাতন বইয়ের পাতা, মাটির পুতুল ও আগের দিনের টাকা-পয়সা দেখতে পায়। এক্ষেত্রে শুধুমাত্র পুরাতন বইয়ের পাতা যেমন ইশাকে ইতিহাসের সম্পূর্ণ ধারণা দিতে পারে না তেমনি শুধুমাত্র মাটির পুতুল বা আগের দিনের টাকা-পয়সা দেখে সমকালীন ইতিহাসের প্রেক্ষাপট বোঝা সম্ভব নয়। কারণ ইতিহাস কল্পনাবিলাসী কোনো ভাবের বস্তু নয়। এতে আবেগ প্রাধান্য পায় না। তাই সমৃদ্ধ ইতিহাস হতে হলে এর উৎস হতে হবে যথার্থ এবং লিখিত ও অলিখিত উপাদানের সমন্বয়ে।

পরিশেষে বলা যায়, ইতিহাসের লিখিত এবং অলিখিত উভয় উপাদানই ইতিহাসকে সমৃদ্ধ করতে সহায়তা করে।

**প্রশ্ন ▶৩** মিলি রূপকথার গল্প শুনতে খুব ভালোবাসে। তার নানি তাকে হরেকরকম গল্প শোনায়। রাজা-রানি, রাজকন্যাদের গল্প তাকে অভিভূত করে। এসব গল্প শুনে তার রাজবাড়িগুলো দেখতে ইচ্ছে হয়। এজন্য তার নানা একদিন তাকে নিয়ে একটি পুরোনো রাজবাড়ি দেখতে গেল।

◀ *শিখনফল-২ [বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]*

ক. 'রাজতরঙ্গিনী' কে লিখেছেন? ১

খ. ইতিহাসের অলিখিত উপাদান কাকে বলে? ২

গ. মিলি তার নানির মাধ্যমে ইতিহাসের কোন ধরনের উপাদানের কথা জানতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'রাজবাড়িতে গিয়ে মিলি সত্যিকার ইতিহাসের জগতে প্রবেশ করল'— বিশ্লেষণ করো। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** 'রাজতরঙ্গিনী' লিখেছেন ঐতিহাসিক কলহন।

**খ** ইতিহাসের যেসব উপাদান কোথাও লিপিবদ্ধ নেই; বরং সেই সময়ের প্রত্নতাত্ত্বিক নিদর্শনে দৃশ্যমান, সেসব উপাদানকে ইতিহাসের অলিখিত উপাদান বলা হয়।

এককথায় বলা যায়, আমরা যেসব বস্তু বা উপাদান থেকে কোনো সময়, স্থান বা ব্যক্তি সম্পর্কে জানতে পারি, সেসব বস্তু বা উপাদানই প্রত্নতাত্ত্বিক নিদর্শন। প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ ইতিহাসের অলিখিত উপাদানভুক্ত। যেমন- শিলালিপি, মুদ্রা, তাম্রলিপি, স্তম্ভলিপি, ইমারত ইত্যাদি।

**গ** মিলি তার নানির মাধ্যমে ইতিহাসের লিখিত উপাদানের কথা জানতে পারে।

ইতিহাসের উপাদানকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা- লিখিত ও অলিখিত উপাদান। ইতিহাস রচনার লিখিত উপাদানের মধ্যে রয়েছে সাহিত্য, বিদেশি পর্যটকদের বিবরণ, দলিলপত্র ইত্যাদি। বিভিন্ন দেশি-বিদেশি সাহিত্যকর্মে সমকালীন সময়ের কিছু তথ্য পাওয়া যায়। এসব সাহিত্যকর্মের মধ্যে রয়েছে— কৌটিল্যের 'অর্থশাস্ত্র', কলহনের 'রাজতরঙ্গিনী', মিনহাজ-উস-সিরাজের 'তবকাত-ই-নাসিরী', আবুল ফজলের 'আইন-ই-আকবরী', মির্জা নাথানের 'বাহারিস্তান-ই-গায়েবি' ইত্যাদি। সাহিত্য উপাদানের মধ্যে আরও রয়েছে রূপকথা, কিংবদন্তি, গল্পকাহিনি। এছাড়া বিদেশি পর্যটকদের বিবরণগুলো সব সময়ই ইতিহাসের গুরুত্বপূর্ণ উপাদান বলে বিবেচিত। ইতিহাস রচনার ক্ষেত্রে বিভিন্ন ধরনের দলিলপত্রও গুরুত্বপূর্ণ লিখিত উপাদান হিসেবে ভূমিকা রাখে। যেমন- ব্রিটিশ আমলের জমির দলিল এবং নানা ধরনের সরকারি গেজেট সে সময়ের ইতিহাস রচনার অন্যতম উপাদান।

উদ্দীপকের মিলি তার নানির কাছে রাজা-রানি, রাজকন্যাদের গল্প শোনে। রূপকথার গল্প, রাজা-রানি, রাজকন্যাদের গল্প ইতিহাসের লিখিত উপাদান। তাই বলা যায়, মিলি তার নানির কাছ থেকে যে রূপকথার গল্পগুলো শুনতে পায় তা ইতিহাসের লিখিত উপাদান।

**ঘ** রাজবাড়িতে গিয়ে মিলি সত্যিকারের ইতিহাসের জগতে প্রবেশ করল— উক্তিটি যথার্থ।

উদ্দীপকের মিলি তার নানার সাথে গিয়ে রাজবাড়িগুলো দেখেছে। এ রাজবাড়িগুলো ইতিহাসের অলিখিত বা প্রত্নতাত্ত্বিক উপাদান। আর এ উপাদানগুলো সত্য ইতিহাস রচনায় অনস্বীকার্য ভূমিকা রাখে।

প্রত্নতাত্ত্বিক উপাদানগুলো থেকে আমরা বিশেষ সময়, স্থান বা ব্যক্তি সম্পর্কে বিভিন্ন ধরনের ঐতিহাসিক তথ্য পাই। ইতিহাস রচনায় লিখিত উপাদানের পাশাপাশি বিভিন্ন অলিখিত উপাদান যেমন— প্রাচীন আমলের মুদ্রা, শিলালিপি, তাম্রলিপি, স্তম্ভলিপি, ইমারত, বিভিন্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শন এবং ঐতিহাসিক স্থানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

উদ্দীপকে বর্ণিত রাজবাড়িগুলো থেকে প্রাচীন ইতিহাস সম্পর্কে অনেক কিছু জানা যায়। এগুলোকে ইতিহাসের জীবন্ত উপাদানও বলা যায়। মহাস্থানগড়, শালবন বিহার, কান্তজীর মন্দির প্রভৃতি বিষয়ে ইতিহাস সমৃদ্ধ বই পাঠের পাশাপাশি এ স্থানগুলো পরিদর্শন করলে এ স্থানগুলোর ইতিহাস আমাদের কাছে আরো জীবন্ত হয়ে ওঠে, যা প্রাচীন ইতিহাস পুনর্গঠনে সহায়ক হয়।

উপরের আলোচনা শেষে তাই বলা যায়, রাজবাড়িতে গিয়ে মিলি সত্যিকারের ইতিহাসের জগতেই প্রবেশ করল।

**প্রশ্ন ▶৪** নাসির অতীতের ঘটনাবলি নিয়ে লিখিত বইপত্র পড়তে ভালোবাসে। সে দক্ষিণ আমেরিকার বিষয়াবলি সম্পর্কিত তথ্যাদি নিয়ে লেখা একটি বই পড়তে শুরু করে। বইটি পড়ে সে ঐ অঞ্চলের অর্থনৈতিক, রাজনৈতিক অবস্থা সম্পর্কিত আরো একটি বই কেনার উৎসাহ পায়। ◀ *শিখনফল-২ ও ৩ [সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট]*

ক. মুদ্রা ইতিহাসের কোন ধরনের উপাদান? ১

খ. ইতিহাসের উপাদান কয়ভাগে বিভক্ত? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে নাসির ইতিহাসের যে ধরনের উপাদানের বর্ণনা পেয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** মুদ্রা ইতিহাসের অলিখিত উপাদান।

**খ** ইতিহাসের উপাদান দুই ভাগে বিভক্ত। যথা— লিখিত ও অলিখিত উপাদান।

সাহিত্য, বিদেশি পর্যটকদের বিবরণ, দলিলপত্র, সরকারি নথি, চিঠিপত্র ইত্যাদি ইতিহাসের লিখিত উপাদান। আর মুদ্রা, শিলালিপি, স্তম্ভলিপি, তাম্রলিপি, ইমারত, ভাস্কর্য, স্থাপনা প্রভৃতি হচ্ছে ইতিহাসের অলিখিত

উপাদান। ইতিহাসের লিখিত ও অলিখিত উভয় উপাদানই ইতিহাস জানতে ও ইতিহাসকে সমৃদ্ধ করতে সহায়তা করে।

**গ** উদ্দীপকের নাসির ইতিহাসের লিখিত উপাদানের বর্ণনা পেয়েছে।

ইতিহাস রচনার ক্ষেত্রে লিখিত উপাদান উল্লেখযোগ্য উপাদান হিসেবে বিবেচ্য। ইতিহাস রচনার লিখিত উপাদানের মধ্যে রয়েছে সাহিত্য, বিদেশি পর্যটকদের বিবরণ, দলিলপত্র ইত্যাদি। বিভিন্ন দেশি-বিদেশি সাহিত্যকর্ম দ্বারা সমকালীন সময়ের অর্থনৈতিক, রাজনৈতিক অবস্থা সম্পর্কে তথ্য পাওয়া যায়। কৌটিল্যের 'অর্থশাস্ত্র', কলহনের 'রাজতরঙ্গিনী', মিনহাজ-উস-সিরাজের 'তবকাত-ই-নাসিরী', আবুল ফজলের 'আইন-ই-আকবরী', মির্জা নাথান এর 'বাহারিস্তান-ই-গায়েবী' ইত্যাদি উল্লেখযোগ্য সাহিত্যকর্ম, যা লিখিত উপাদান হিসেবে বিবেচিত। রূপকথা, কিংবদন্তি গল্প-কাহিনিও সাহিত্যের উপাদান তথা ইতিহাসের লিখিত উপাদান। এছাড়া বিদেশি পর্যটকদের ভ্রমণকাহিনির মাধ্যমেও তৎকালীন সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান সম্পর্কে ধারণা পাওয়া সম্ভব। তাছাড়া বিভিন্ন দেশের রাষ্ট্রীয় সীমানা নির্ধারণ সংক্রান্ত ইতিহাস জানতে সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে সরকারি নথি ও বিভিন্ন দলিলপত্র।

উদ্দীপকের নাসির অতীতের ঘটনাবলি নিয়ে লিখিত বইপত্র পড়তে ভালোবাসে। সে দক্ষিণ আমেরিকার বিষয়াবলি সম্পর্কিত একটি বই পড়তে শুরু করে। বইটি পড়ে সে ওই অঞ্চল সম্পর্কে জানতে আরও বই কেনার উৎসাহ পায়। তাই বলা যায়, নাসিরের পড়া বই ইতিহাসের লিখিত উপাদানকে নির্দেশ করে।

**ঘ** একটি দেশের রাজনৈতিক, অর্থনৈতিক অবস্থা সম্পর্কে জানতে ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম।

মানবসমাজ ও সভ্যতার বিবর্তনের সত্যনিষ্ঠ বিবরণ হচ্ছে ইতিহাস, কারণ ইতিহাস মূলত যা ঘটেছিল তারই অনুসন্ধান করে থাকে। জ্ঞানচর্চার শাখা হিসেবে ইতিহাসের গুরুত্ব অপরিসীম। কারণ ইতিহাস পাঠ মানুষকে অতীতের পরিপ্রেক্ষিতে বর্তমান অবস্থা বুঝতে ও ভবিষ্যৎ অনুমান করতে সাহায্য করে। বিভিন্ন মানবগোষ্ঠীর উত্থান-পতন এবং একটি জাতির রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অবস্থা সম্পর্কে জানতে সবচেয়ে বেশি সহায়তা করে ইতিহাস পাঠ। তাছাড়া সভ্যতার বিকাশ-পতনের কারণগুলো জানতে এবং ওই বিষয়ের ভালো-মন্দের পার্থক্য অনুধাবন করতেও ইতিহাস জোরালো ভূমিকা পালন করে থাকে। ইতিহাসের জ্ঞান মানুষকে সচেতন করে তোলে, ফলে খুব সহজেই সে তার কর্মের পরিণতি সম্পর্কে সচেতন হতে পারে। ইতিহাসের ব্যবহারিক গুরুত্বও অপরিসীম। মানুষ ইতিহাস পাঠ করে অতীত ঘটনাবলির দৃষ্টান্ত থেকে শিক্ষা নিতে পারে। বস্তুত সত্যনিষ্ঠ ইতিহাস পাঠ করে যে জ্ঞানলাভ হয়, তা বাস্তবজীবনে চলার জন্য উৎকৃষ্টতম শিক্ষা। তাছাড়া ইতিহাস পাঠ করলে বিচার-বিশ্লেষণের ক্ষমতা বাড়ে, যা দার্শনিক দৃষ্টিভঙ্গি তৈরি করতে সাহায্য করে। ফলস্বরূপ জ্ঞানচর্চায় আগ্রহ বৃদ্ধি পায়। এতে মানুষের আত্মপ্রত্যয়ী ও আত্মবিশ্বাসী হওয়ার সুযোগ বৃদ্ধি পায়। সর্বোপরি, জাতীয়তাবোধ, জাতীয় সংহতি সুদৃঢ়করণে ইতিহাস পাঠের বিকল্প নেই।

উদ্দীপকের নাসির দক্ষিণ আমেরিকার তথ্যাবলি সম্পর্কিত একটি বই পড়ে। সে পরবর্তীতে সে অঞ্চলের অর্থনৈতিক, রাজনৈতিক অবস্থা সম্পর্কিত আরো একটি বই কিনতে উৎসাহিত হয়। ওপরের আলোচনা থেকে বলা যায় যে একটি দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক ব্যবস্থা সম্পর্কে ঐতিহাসিক জ্ঞানলাভ ও সত্য বিবরণ জানতে ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম।

## প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶ ৫**

| |
|---|
| সাহিত্য-বৈদেশিক বিবরণ |
| দলিলপত্র-নথিপত্র |

◀ *শিখনফল-২ [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা]*

ক. বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয় কাকে? ১

খ. সময়ের বিবর্তনে ইতিহাসের পরিসর সম্প্রসারিত হচ্ছে কেন? ২

গ. উদ্দীপকে উল্লেখিত বিষয়সমূহ ইতিহাসের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'কোনো বিষয়ের পূর্ণাঙ্গ ইতিহাস জানতে উক্ত উপাদানই যথেষ্ট নয়'— উক্তিটির পক্ষে তোমার মতামত ব্যক্ত করো। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয় গ্রিক ইতিহাসবিদ থুকিডাইডিসকে।

**খ** সময়ের বিবর্তনে মানুষের কর্মকাণ্ডের পরিধি বৃদ্ধির ফলে ইতিহাসের পরিসর বিস্তৃত হচ্ছে।

সভ্যতার অগ্রগতি ও সময়ের বিবর্তনে ইতিহাসচর্চায় বৈজ্ঞানিক পদ্ধতি অনুসৃত হচ্ছে। ফলে ইতিহাসের শাখা-প্রশাখার সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে অর্থনীতি, সমাজ শিল্পকলার ইতিহাসও রচিত হচ্ছে। এভাবে একের পর এক বিষয় ইতিহাসভুক্ত হচ্ছে আর, সম্প্রসারিত হচ্ছে ইতিহাসের পরিধি ও পরিসর।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ইতিহাসের লিখিত উপাদানের ধারণা ব্যাখ্যা করো।

**ঘ** ইতিহাস রচনায় শুধুমাত্র লিখিত উপাদান যথেষ্ট নয়— মতামত দাও।

**প্রশ্ন ▶ ৬** রাজা অতীতের ঘটনাবলি সম্পর্কিত বই পড়তে পছন্দ করে। সে ভারত উপমহাদেশের বিভিন্ন তথ্য নিয়ে লেখা একটি বই পড়ে। বইটি পড়ে সে এ উপমহাদেশের রাজনৈতিক অবস্থা সম্পর্কিত আরেকটি বই কিনতে উৎসাহী হয়। ◀ *শিখনফল-২*

ক. কোন শব্দ থেকে 'History' শব্দটির উৎপত্তি হয়েছে? ১

খ. ইতিহাস সত্য ঘটনা উপস্থাপন করে- ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে রাজার পঠিত বইটিতে ইতিহাসের কোন জাতীয় উপাদানের বর্ণনা স্থান পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাজার পড়া বইটিতে ইতিহাসের যে ধরনের উপাদান স্থান পেয়েছে ইতিহাস রচনার জন্য কি তা যথেষ্ট? মতামত দাও। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** গ্রিক শব্দ 'Historia' থেকে 'History' শব্দটির উৎপত্তি হয়েছে।

**খ** ইতিহাস সত্য ঘটনা উপস্থাপন করে থাকে কেননা মানব সমাজে যা ঘটে তার বর্ণনা হলো ইতিহাস।

ইতিহাসের জনক হেরোডোটাস বিশ্বাস করতেন যে, ইতিহাস হলো যা সত্যিকার অর্থে ছিল বা সংঘটিত হয়েছিল তা অনুসন্ধান করা বা লেখা।

অন্যদিকে ব্রিটিশ ইতিহাসবিদ আর্নল্ড টয়েনবি বলেন যে, সমাজের জীবনই ইতিহাস। আর আধুনিক ইতিহাসের জনক জার্মান ইতিহাসবিদ লিওপোল্ড ফন র‍্যাংকে মনে করেন যে, প্রকৃতপক্ষে যা ঘটেছিল তার অনুসন্ধান ও তার সত্য বিবরণই ইতিহাস। তার মতে, ইতিহাস মানেই নগ্ন সত্য।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ইতিহাসের লিখিত উপাদানের ধারণা ব্যাখ্যা করো।

**ঘ** ইতিহাস রচনার জন্য লিখিত উপাদান কি যথেষ্ট? মতামত দাও।

**প্রশ্ন ▶ ৭** দশম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে স্কুল কর্তৃপক্ষ লালবাগ দুর্গে গেলেন। সেখানে তারা পরীবিবির মাজার, দরবার হল, কারুকার্যখচিত ফটক, জাদুঘর প্রভৃতি স্থাপনা দেখতে পেলেন। জাদুঘরে রক্ষিত বিভিন্ন দলিলপত্র, সুবাদার শায়েস্তা খানের ব্যবহৃত জিনিসপত্র এবং বিভিন্ন স্থানে সাইনবোর্ডে উল্লিখিত ঐতিহাসিক বর্ণনা থেকে তারা মুঘল আমল সম্পর্কে জানতে পারলেন। *◀ শিখনফল-২*

ক. 'রাজতরঙ্গিনী' গ্রন্থের রচয়িতা কে? ১
খ. Historia শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দশম শ্রেণির শিক্ষার্থীরা লালবাগ কেল্লায় ইতিহাসের কোন ধরনের উপাদান দেখতে পায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত উপাদানগুলো কীভাবে শিক্ষার্থীদের মুঘল আমল সম্পর্কে জানতে সাহায্য করেছে? বিশ্লেষণ করো। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** 'রাজতরঙ্গিনী' গ্রন্থের রচয়িতা কলহন।

**খ** Historia শব্দটি প্রথম ব্যবহার করেন গ্রিক ঐতিহাসিক হেরোডোটাস।
ইতিহাসের জনক হিসেবে খ্যাত হেরোডোটাস খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকে সর্বপ্রথম তার গবেষণাকর্মের নামকরণে 'Historia' শব্দটি ব্যবহার করেন। এর আভিধানিক অর্থ হলো, সত্যানুসন্ধান বা গবেষণা। হেরোডোটাসের দৃষ্টিতে ইতিহাস হলো, "যা সত্যিকার অর্থে ছিল বা সংঘটিত হয়েছিল তা অনুসন্ধান করা ও লেখা।"

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ইতিহাসের অলিখিত উপাদানের ধারণা ব্যাখ্যা করো।
**ঘ** অলিখিত উপাদান প্রাচীন ইতিহাস সম্পর্কে জানতে সাহায্য করে কীভাবে? সুচিন্তিত বক্তব্য উপস্থাপন করো।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶ ৮** ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুলের ইতিহাসের শিক্ষক ক্লাসে ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বললেন, "আমি আজ ইতিহাসের এমন একজন ঐতিহাসিক সম্পর্কে ধারণা দিব যিনি সর্বপ্রথম হিস্টরিয়া শব্দটি ব্যবহার করেন। তিনি তাঁর গবেষণায় গ্রিস ও পারস্যের মধ্যে সংঘটিত যুদ্ধের বিভিন্ন বিষয় অনুসন্ধান করেছেন। পরবর্তীতে অবশ্য বিভিন্ন ইতিহাসবিদ ইতিহাসকে বিভিন্নভাবে সংজ্ঞায়িত করেছেন।" *◀ শিখনফল-১*

ক. 'ইতিহাস' শব্দটির সন্ধিবিচ্ছেদ কী? ১
খ. ইতিহাস ও ঐতিহ্যের ধারণা দাও। ২
গ. শিক্ষক তাঁর আলোচনায় কোন ঐতিহাসিকের প্রতি ইঙ্গিত করেছেন? ইতিহাসে তাঁর অবদান ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষকের সর্বশেষ উক্তিটির আলোকে ইতিহাসের সংজ্ঞাগুলো বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন ▶ ৯** আনিশা জাদুঘরে গিয়ে প্রাচীন কিছু তাম্রমুদ্রা, রাজা বাদশাদের ব্যবহৃত কিছু আসবাবপত্র, পুরোনো অলংকার, ঢাল-তলোয়ার ও শত বছরের পুরোনো একটি খাট দেখতে পায়। জিনিসগুলো যতটা তাকে আনন্দ দিয়েছে তার চেয়ে বেশি অতীত সম্পর্কে জানার আগ্রহী করে তুলেছে। *◀ শিখনফল-২*

ক. আধুনিক ইতিহাসের জনক কে? ১
খ. ইতিহাসের প্রকারভেদ ব্যাখ্যা করো। ২
গ. আনিশা ইতিহাসের যে ধরনের উপাদান প্রত্যক্ষ করেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, আনিশার দেখা বিষয়ের পরিসর দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন ▶ ১০** মালিহা একটি বই পড়ছে। সে বই পড়ে বাংলার বিভিন্ন যুগের ঘটনাবলি জানতে পারে। তাছাড়া সে প্রাচীন যুগ, মধ্যযুগ ও আধুনিক যুগের মানুষের বিভিন্ন কর্মকাণ্ড, ঘটনাবলি সম্পর্কেও ধারণা লাভ করে। *◀ শিখনফল-২ ও ৩*

ক. আধুনিক ইতিহাসের জনক কে? ১
খ. নিরপেক্ষতা ইতিহাসের বৈশিষ্ট্য বুঝিয়ে লেখ। ২
গ. মালিহার পঠিত গ্রন্থটি কোন ধরনের গ্রন্থ? গ্রন্থটি পাঠের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশ ও জাতির স্বার্থে এবং ব্যক্তির প্রয়োজনে এ ধরনের গ্রন্থ পাঠ কতটুকু প্রয়োজনীয় বলে তুমি মনে করো? ৪

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. নিচের কোন শাস্ত্র ঐতিহ্যকে এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মের কাছে পৌঁছে দেয়?**
ক দর্শন খ মনোবিজ্ঞান
গ ইতিহাস ঘ যুক্তিবিদ্যা

**২. ইতিহাস, ঐতিহ্য, হিস্টরিয়া শব্দগুলি নিচের কোন বিষয়টিকে সমর্থন করে?**
ক দর্শন খ অর্থনীতি
গ ইতিহাস ঘ সমাজবিজ্ঞান

**৩. গ্রিক ও পারসিক যুদ্ধ নিয়ে ইতিহাস রচনা করেন কে?**
ক হেরোডোটাস খ থুকিডাইডিস
গ কলহন ঘ ই. এইচ. কার

**৪. হেরোডোটাসকে ইতিহাসের জনক বলার যথার্থ কারণ–**
i. তিনি ইতিহাস ও অনুসন্ধানের সমন্বয় সাধন করেন
ii. তিনি ইতিহাসের প্রাথমিক ভিত্তি স্থাপন করেন
iii. তিনিই সর্বপ্রথম ইতিহাসের নামকরণ করেন হিস্টরিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. ইতিহাসের উপাদান কী কারণে সংরক্ষণ করা হয়?**
ক অতীতকে জানার জন্য
খ গবেষণা পত্র রচনার জন্য
গ জাদুঘরে রাখার জন্য
ঘ সাহিত্য রচনার জন্য

**৬. 'ইতিহাস হলো বর্তমান ও অতীতের মধ্যে এক অন্তহীন সংলাপ'— উক্তিটি কার?**
ক হেরোডোটাসের খ ই এইচ কারের
গ ই বি টেইলরের ঘ র‍্যাপসনের

**৭. লামা তারনাথ গোপালের সিংহাসনে আরোহণ সম্পর্কে যে বিবরণ দিয়েছেন তা কীরূপ?**
ক উপন্যাস খ কল্পকাহিনি
গ ছোটগল্প ঘ বাস্তব কাহিনি

**৮. 'ময়মনসিংহ গীতিকা' ইতিহাসের কোন ধরনের উপাদান?**
ক লিখিত খ অলিখিত
গ ঐতিহাসিক ঘ ভৌগোলিক

**৯. উয়ারী-বটেশ্বর কোন জেলায় অবস্থিত?**
ক সিলেট খ নরসিংদী
গ বগুড়া ঘ নওগাঁ

**১০. ইতিহাসের উপাদান হিসেবে সমর্থনযোগ্য–**
i. মৌলিক উপাদান
ii. লিখিত উপাদান
iii. অলিখিত উপাদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. তাম্র শাসন বলার কারণ ছিল–**
i. তামার ব্যবহার চালু করার জন্য
ii. তামার মুদ্রা চালু করার জন্য
iii. তামার পাতে খোদাই করে বিভিন্ন ঘোষণা দেওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১২. বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস কোন ইতিহাসের অন্তর্ভুক্ত হবে?**
ক স্থানীয় ইতিহাস খ আঞ্চলিক ইতিহাস
গ জাতীয় ইতিহাস ঘ আন্তর্জাতিক ইতিহাস

**১৩. ইতিহাসের অন্যতম বৈশিষ্ট্য হলো—**
ক গবেষণা
খ শুধু অতীতের ঘটনাবলি
গ যুদ্ধের বর্ণনা
ঘ অতীত সংরক্ষণ

**১৪. ইতিহাসের বিস্তৃতির প্রকৃতি কীরূপ?**
ক স্থিতিশীল খ প্রাণহীন
গ অপরিবর্তনীয় ঘ সম্প্রসারণশীল

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
সাহেদ তার চাচার সাথে লালবাগের কেল্লা দেখতে যায়। সেখানে তারা মুঘল সম্রাটদের পোশাক, অস্ত্র, মুদ্রা, নথিপত্র, সাহিত্য, জীবনী ইত্যাদি দেখতে পায়।

**১৫. সাহেদের দেখা মুদ্রা ইতিহাসের কোন ধরনের উপাদান?**
ক জাতীয় খ লিখিত
গ অলিখিত ঘ ব্যক্তিগত

**১৬. সাহেদের দেখা কোন উপাদান মহাফেজখানায় সংরক্ষণ করা হয়?**
ক মুদ্রা ও জীবনী খ পোশাক ও অস্ত্র
গ নথিপত্র ঘ অস্ত্র ও মুদ্রা

**১৭. প্রাচীনকালে মানুষ হিংস্র জীব-জানোয়ারের সাথে যুদ্ধ করে বেঁচে ছিল। এই সংগ্রামের কারণ কী?**
ক মানুষ ছিল আত্মনির্ভরশীল
খ মানুষ ছিল পরনির্ভরশীল
গ মানুষ ছিল গুহাবাসী
ঘ মানুষ ছিল সভ্যপ্রাণী

**১৮. একই ইতিহাসের বর্ণনা, ব্যাখ্যা ভিন্ন ভিন্ন হয়, কারণ প্রতিটি মানুষের–**
i. পর্যবেক্ষণ ক্ষমতা ভিন্ন
ii. দৃষ্টিভঙ্গি ভিন্ন
iii. গঠনগত দিক ভিন্ন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. ইতিহাসের পরিসর সম্প্রসারিত হচ্ছে–**
i. মানুষের চিন্তাভাবনার পরিবর্তনের ফলে
ii. মানুষের ধর্মীয় সচেতনতার ফলে
iii. মানুষের কর্মধারার পরিবর্তনের ফলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. কীসের জ্ঞান মানুষকে সচেতন করে তোলে?**
ক মনোবিজ্ঞান খ পদার্থবিজ্ঞান
গ ইতিহাস ঘ নৃ-বিজ্ঞান

**২১. তামিমের বাবা তামিমকে বলল, তুমি যদি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সঠিক ইতিহাস পাঠ কর তাহলে তুমি দেশপ্রেমী হবে। তামিম তার বাবার কাছ থেকে কোন বিষয়ে জানতে পারল?**
ক ইতিহাসের উপাদান
খ মুক্তিযুদ্ধের ইতিহাস
গ স্বাধীনতা যুদ্ধের ইতিহাস
ঘ ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা

**২২. দেশপ্রেম গড়ে ওঠে কীভাবে?**
ক জাতীয়তাবোধের মাধ্যমে
খ সামাজিক মর্যাদার মাধ্যমে
গ জাতীয় সম্পত্তির মাধ্যমে
ঘ সামাজিক ভূ-সম্পত্তির মাধ্যমে

**২৩. মানুষ কীভাবে নিজ দেশ সম্পর্কে মঙ্গল-অমঙ্গলের পূর্বাভাস পেতে পারে?**
ক অর্থনীতি পাঠ করে
খ সমাজবিজ্ঞান পাঠ করে
গ নীতিবিদ্যা পাঠ করে
ঘ ইতিহাস পাঠ করে

**২৪. কোনো দেশের জাতীয়তাবোধ গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখে–**
i. ইতিহাস
ii. ঐতিহ্য
iii. সংস্কৃতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. ইতিহাস পাঠ অত্যন্ত জরুরি–**
i. দেশের স্বার্থে
ii. জাতির স্বার্থে
iii. ব্যক্তির স্বার্থে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. ফা-হিয়েন ও ইৎসিং কোন দেশীয় পরিব্রাজক?**
ক চীন খ জাপান
গ কোরিয়া ঘ ফ্রান্স

**২৭. ইতিহাসের কাল বিভাজনে কোনো সন-তারিখ ব্যবহার করা কঠিন কেন?**
ক ইতিহাস নিরন্তর প্রবাহমান বলে
খ ইতিহাস নিরপেক্ষ বলে
গ ইতিহাস অতীতমুখী বলে
ঘ ইতিহাস সত্য নির্ভর বলে

**২৮. ইতিহাস রচনার ক্ষেত্রে প্রয়োজনীয় নয় কোনটি?**
ক কল্পকাহিনী খ জীবনী
গ জনশ্রুতি ঘ শিলালিপি

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**
পরীক্ষায় ভালো ফলাফলের পুরস্কার স্বরূপ রিতুকে তার দাদিমা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত একটি প্রাচীন স্বর্ণমুদ্রা উপহার দিয়ে এটি যত্নসহকারে সংরক্ষণ করতে বলেন।

**২৯. রিতুর প্রাপ্ত উপহারটি ইতিহাসের যে ধরনের উপাদান?**
i. লিখিত
ii. অলিখিত
iii. প্রত্নতাত্ত্বিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩০. রিতু এর মাধ্যমে জানতে পারবে—**
i. মুদ্রাটি কোন যুগের
ii. তখনকার আর্থ-সামাজিক অবস্থা
iii. মানুষের জীবনযাত্রা কেমন ছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০**

**১.** ▶ কাঁকন ও আশা ইতিহাস নিয়ে আলোচনা করছিলো। কাঁকন বলল, মানব সমাজের শুরু থেকে যাবতীয় কর্মকাণ্ড ও জীবনযাত্রার অগ্রগতি ইতিহাস থেকে জানা যায়। আশা বলল, দেশ ও জাতির অগ্রগতির জন্য ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম।

ক. 'Historia' শব্দের উৎপত্তি কোন ভাষা থেকে? ১
খ. ইতিহাসের লিখিত উপাদান সম্পর্কে লিখো। ২
গ. কাঁকনের বক্তব্যের আলোকে ইতিহাসের বিষয়বস্তু ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আশার শেষোক্ত উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ লামিয়া ১০ম শ্রেণির ছাত্রী। সে তার নানীর কাছ থেকে ব্রিটিশ ও পাকিস্তান আমলের কিছু মুদ্রা পেয়েছে। এগুলো সে যত্ন করে নিজের কাছে রেখে দিয়েছে। সে তার নানার কাছ থেকে কিছু দলিল দস্তাবেজ, সাহিত্য ও নথিপত্র চেয়ে রেখেছে। এখন দশম শ্রেণির ইতিহাস বই পড়ে তার মনে হচ্ছে সংগৃহীত জিনিসপত্রগুলো ইতিহাস রচনায় কাজে লাগবে। লামিয়া মনে করে মানব জীবনে ইতিহাস পাঠের গুরুত্ব অনেক বেশি।

ক. ইতিহাসকে সাধারণত কত ভাগে ভাগ করা যায়? ১
খ. ইতিহাসের পরিসর ব্যাখ্যা করো। ২
গ. লামিয়া সংগৃহীত বিষয়গুলো ইতিহাস রচনায় কীভাবে কাজে লাগাতে পারে? দেখাও। ৩
ঘ. ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা সম্পর্কে লামিয়ার ভাবনা কতটা সঠিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৩.** ▶ জনাব কলিমুল্লাহ একজন বিশিষ্ট সাংবাদিক। তিনি একটি বই রচনা করার জন্য অতীতের বিভিন্ন সমাজের ধর্মীয়, রাজনৈতিক ও অর্থনৈতিক বইপত্র সংগ্রহ করেন। এসব বইপত্র দেখে নিজের সমাজব্যবস্থা সম্পর্কিত একটি বই রচনা করেন। তিনি বিভিন্ন সভ্যতার কয়েকটি পুস্তকেরও সাহায্য গ্রহণ করেন। তিনি মনে করেন বইপত্র লেখার ক্ষেত্রে অতীতের বইগুলো তাকে দারুণভাবে সাহায্য করেছে।

ক. 'ইতিহাস হলো ঘটনার বৈজ্ঞানিক এবং ধারাবাহিক বর্ণনা'– কথাটি কে বলেছেন? ১
খ. 'হেরোডোটাসের নামের সাথে ইতিহাসের সম্পর্ক ঘনিষ্ঠ'- ব্যাখ্যা করো। ২
গ. জনাব কলিমুল্লাহ তার বই লেখার ক্ষেত্রে ইতিহাসের যে উপাদানের সাহায্য নিয়েছেন তার ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, বই লেখার ক্ষেত্রে জনাব কলিমুল্লাহ ইতিহাসের অলিখিত কিছু উপাদানেরও সাহায্য নিতে পারতেন? যুক্তিসহ মতামত উপস্থাপন কর। ৪

**৪.** ▶ হাসান ও হোসেন দুই বন্ধু। হাসান মানবিক বিভাগের একজন ছাত্র। আর হোসেন বাণিজ্যিক বিভাগের ছাত্র। হোসেন ইতিহাস সম্পর্কে জানতে চাইলে হাসান বলল, ইতিহাস মানুষ, মানব সংস্কৃতি, সভ্যতা প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করে। মানব সমাজের শুরু থেকে যাবতীয় কর্মকাণ্ড, জীবনযাত্রার অগ্রগতি ইতিহাস থেকে জানা যায়। দেশ ও জাতির অগ্রগতির কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌছাতে ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম।

ক. বিষয়বস্তুগত ইতিহাস কত প্রকার? ১
খ. ইতিহাসকে কেন অতীতের ঘটনা বলা হয়? ২
গ. হাসানের বক্তব্যের আলোকে ইতিহাসের বিষয়বস্তু ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শেষোক্ত উক্তিটির আলোকে ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা নিরূপণ করো। ৪

**৫.** ▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের স্বনামধন্য অধ্যাপক ড. সিরাজুল ইসলাম স্যার এক সেমিনারে বলেছেন যে, "এমনি এক বক্তৃতায় ১৯৬৩ সালে ওয়াশিংটনে মার্কিন নাগরিক আন্দোলনের নেতা মার্টিন লুথার কিং বলেছেন *"I Have a Dream"*। এছাড়াও স্যার বলেছেন যে, নেলসন ম্যান্ডেলা তাঁর কর্মময় জীবনের উপর লিখেছেন সেই অমর গ্রন্থখানি, *'A Long Walk to Freedom'*। তবে স্যার একটু সমালোচনার দৃষ্টিতে বলেছেন যে, ১৯৭১ সালে আমাদের মুক্তিযুদ্ধের অন্যতম বিরোধী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হেনরী কিসিঞ্জারও 'The White House Years' নামে একটি গ্রন্থ রচনা করেছেন।

ক. "সমাজের জীবনই ইতিহাস"– উক্তিটি কার? ১
খ. "ইতিহাস জ্ঞান ও আত্মমর্যাদা বৃদ্ধি করে"–বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকে অধ্যাপক ড. সিরাজুল ইসলাম স্যারের বক্তব্যে ইতিহাসের কোন ধরনের উপাদানের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে স্যারের উল্লিখিত উপাদানের পরিসর দিন দিন সম্প্রসারিত হচ্ছে"– মূল্যায়ন করো। ৪

**৬.** ▶ মিথিলা বিখ্যাত ঐতিহাসিক Harry J. Benda এর *A History of Modern Southeast Asia* বইটি পড়ে জানতে পারে যে, স্পেনের রাজা দ্বিতীয় ফিলিপের নামানুসারেই ফিলিপাইন রাষ্ট্রটি নামকরণ করা হয়। এছাড়া সে জানে যে, প্রায় ৪০০ বছর আগে এটি স্পেনের শাসনাধীনে ছিল যা এশিয়ার একমাত্র খ্রিষ্টান রাষ্ট্র। মিথিলা বইটি পড়ে আরও জানে যে, লুজন, মিন্দানাও ও কিমায়াম সহ প্রায় ৭১০০ দ্বীপ নিয়ে দেশটি গঠিত যা দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম ভূ-রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ রাষ্ট্র।

ক. ইতিহাস শব্দের অর্থ কী? ১
খ. হেরোডোটাসের নামটি কেন ইতিহাসে গুরুত্বপূর্ণ– বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে মিথিলার পড়া বইটি ইতিহাসের কোন ধরনের উপাদান ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকে মিথিলার পঠিত বইটির পরিসর দিন দিন বৃদ্ধি পাচ্ছে'– বিশ্লেষণ করো। ৪

**৭.** ▶ সাথী ও বিথি দুই বান্ধবী। তারা ইতিহাস সম্পর্কে আলোচনা করছিল। সাথী বলল, মানবসমাজের শুরু থেকে যাবতীয় কর্মকাণ্ড, জীবনযাত্রার অগ্রগতি ইতিহাস থেকে জানা যায়। বিথি বলল, দেশ ও জাতির অগ্রগতির জন্য ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম।

ক. মুদ্রা ইতিহাসের কোন ধরনের উপাদান? ১
খ. ইতিহাসের উপাদান কয় ভাগে বিভক্ত? ব্যাখ্যা করো। ২
গ. সাথীর বক্তব্যের আলোকে ইতিহাসের বিষয়বস্তু ব্যাখ্যা করো। ৩
ঘ. 'দেশ ও জাতির অগ্রগতির জন্য ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা অপরিসীম'– বিথির উক্তিটির আলোকে ইতিহাস পাঠের প্রয়োজনীয়তা মূল্যায়ন করো। ৪

**৮.** ▶ সাকিব তার মামার সাথে ময়নামতিতে বেড়াতে গিয়ে ঐ সময়ের কিছু ব্যবহার্য জিনিসপত্র, টাকা-পয়সা, মূর্তি ও বসবাসের ঘর দেখে আশ্চর্য হলো। তার মামা তাকে বললেন, তার কাছে ঐ সময়ের কিছু বই ও জিনিসপত্র আছে, যা নিয়ে সাকিব পড়তে পারে। কিন্তু সাকিব তাতে মোটেও আগ্রহ প্রকাশ করল না। তার ভাষ্য, অতীতের কথা জেনে আমার কী লাভ?

ক. কোন উপাদানের সমন্বয়ে পূর্ণাঙ্গ ও বিস্তারিত ইতিহাস রচনা করা হয়? ১
খ. 'ইতিহাস' শব্দের উৎপত্তিগত দিক ব্যাখ্যা করো। ২
গ. সাকিব ময়নামতিতে কী ধরনের উপাদান দেখতে পেয়েছিল, ব্যাখ্যা করো। ৩
ঘ. সাকিবের মনোভাব জাতীয় চেতনা উন্মেষের ক্ষেত্রে বাধাস্বরূপ— বিশ্লেষণ করো। ৪

**৯.** ▶ আলিফ তার পরিবার নিয়ে রাজশাহী বিভাগের বিভিন্ন স্থানে অবস্থিত প্রত্নতত্ত্ব নিদর্শন দেখতে যান। তারা সেসব স্থানে গিয়ে প্রাচীনকালের তালপাতায় লেখা পত্রিকা, সরকারী নির্দেশনামা, বিভিন্ন বংশের রাজাদের জীবনী সম্বলিত পুস্তক দেখতে পান। এছাড়া আলিফ তার পরিবারের সাথে নিজের দেশের গৌরবময় ইতিহাস নিয়ে আলোচনা করেন। কারণ তিনি চান তার সন্তানরা নিজ দেশের প্রাচীনকালের অবস্থা ও ইতিহাস সম্পর্কে জানুক এবং খাঁটি বাঙালি হিসেবে গড়ে উঠুক।

ক. আধুনিক ইতিহাসের জনক কে? ১
খ. ইতিহাস বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলো ইতিহাসের কোন ধরনের উপাদান? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'খাঁটি বাঙালি হিসেবে গড়ে উঠতে হলে ইতিহাস পাঠ অতীব জরুরি।'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**১০.** ▶ ডঃ শফিক সাহেব 'প্রাচীন ভারতীয় উপমহাদেশের ইতিহাস' বিষয়ক একটি সেমিনারে বক্তব্য দিচ্ছিলেন। তিনি বললেন, 'ইতিহাস রচনার ক্ষেত্রে বিদেশি পর্যটকদের অবদান অনেক বেশি। বিশেষ করে ভারতীয় ইতিহাস রচনায় মুসলিম ঐতিহাসিকদের অবদান অনস্বীকার্য।'

ক. ফা-হিয়েন কোন দেশের পরিব্রাজক ছিলেন? ১
খ. ইতিহাস সম্পর্কে ভিকোর বক্তব্যটি ব্যাখ্যা করো। ২
গ. ডঃ শফিক সাহেবের বক্তব্যের আলোকে ইতিহাস রচনায় বিদেশি পর্যটকদের অবদান ব্যাখ্যা করো। ৩
ঘ. ভারতীয় ইতিহাস রচনায় মুসলিম ঐতিহাসিকদের অবদান অনস্বীকার্য– ডাঃ শফিক সাহেবের এ বক্তব্যের সাথে তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১১.** ▶ রহিম সাহেব তার ছেলে-মেয়েদের নিয়ে শীতকালীন ছুটিতে সোনারগাঁও আহসান মঞ্জিল ও লালবাগ দুর্গে বেড়াতে যান। তিনি চান তার ছেলে-মেয়েরা নিজ দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে জানুক, বিভিন্ন ঐতিহাসিক নিদর্শন থেকে জ্ঞানলাভ করুক।

ক. 'তবকাত-ই-নাসিরী কার লেখা? ১
খ. বিষয়বস্তুগত ইতিহাস বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. রহিম সাহেবের ছেলেমেয়েদের দেখা নিদর্শনগুলো ইতিহাসের কোন জাতীয় নিদর্শন? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর, রহিম সাহেবের ছেলেমেয়েদের দেখা এ জাতীয় নিদর্শন থেকেই শুধু ইতিহাস রচনা করা সম্ভব? মতামত দাও। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ |